



চিঠিপত্র

letters.ittefaq@gmail.com

মতামতের জন্য সম্পাদক দায়ী নন



শরীরচর্চা শিক্ষক নিয়োগবিধি সংশোধন জরুরি

উচ্চমাধ্যমিক ও ডিগ্রি পর্যায়ের কলেজের বিদ্যমান জনবল কাঠামোর আওতায় শরীরচর্চা শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শারীরিক শিক্ষার মাস্টার্স/ অনার্স বিষয়ে মাস্টার্স ডিগ্রির শর্ত নিয়োগবিধিতে না থাকায় প্রভাষকের অনুরূপ ১১০০০ টাকা বেতনস্কেল ও পদোন্নতি থেকে বঞ্চিত হচ্ছেন। দেশে শারীরিক শিক্ষায় অনার্স মাস্টার্স ডিগ্রি চালু হওয়া সত্ত্বেও গতানুগতিক নিয়োগবিধি স্নাতক বিপিএড/জুনিয়র ডিপ্লোমায় শরীরচর্চা শিক্ষকদের বেতনস্কেল ৮০০০/৬৪০০ টাকা রাখা হয়েছে। কলেজের মতো

উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানের একজন শিক্ষককে নিয়ুপদবর্ধনায় রাখা অর্থোপ্তিক। কলেজ পর্যায়ে ক্রীড়ার উন্নয়ন ও এই পেশায় উচ্চশিক্ষিত মেধাবী ক্রীড়াবিদদের আকৃষ্ট করতে নিয়োগবিধির পরিবর্তন আবশ্যিক। প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় ও পিটিআইয়ের শরীরচর্চা শিক্ষকগণ স্নাতক বিপিএড এই যোগ্যতার চাকরির ওরফতই ১১০০০ টাকার বেতনস্কেল পেয়ে থাকেন। সেহেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সাধারণ কলেজের শরীরচর্চা শিক্ষকগণ এই সুযোগ পান না। অধিকন্তু সংশ্লিষ্ট বিষয় বা অন্য বিষয়ে মাস্টার্স

বাকলেও অন্য শিক্ষকদের অনুরূপ পদোন্নতি থেকে বঞ্চিত। পরিশেষে অন্যান্য বিষয়ের সঙ্গে শারীরিক শিক্ষা ও ক্রীড়াকে কলেজ পর্যায়ে এগিয়ে নেওয়ার জন্য কলেজ শরীরচর্চা শিক্ষক নিয়োগবিধি পরিবর্তন ও যথাযথ পদবর্ধনা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

চঞ্চল কুমার কর্মকার
শরীরচর্চা শিক্ষক,
কুমারবাগী কলেজ,
কুমারবাগী, কুষ্টিয়া